অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/18/2021 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল সন্ত্রাসবাদের উচ্চ ঝুঁকির সম্মুখীন অলাভজনক সংস্থার নিরাপত্তা বৃদ্ধির জন্য 33 মিলিয়ন মার্কিন ডলারের ফেডারেল তহবিলের ঘোষণা করেছেন

তহবিল অলাভজনক সংস্থাগুলিকে সুবিধা নিরাপত্তা এবং সামগ্রিক প্রস্তুতি শক্তিশালী করতে সাহায্য করবে

গভর্নর ক্যাথি হোকল আজকে সন্ত্রাসবাদের বর্ধিত ঝুঁকির সম্মুখীন 198টি অলাভজনক সংস্থার নিরাপত্তা বৃদ্ধি সমর্থন করতে 33 মিলিয়ন মার্কিন ডলারের ফেডারেল তহবিল ঘোষণা করেছেন। এই তহবিলগুলি অলাভজনক সংস্থাগুলিকে তাদের পরিষেবায় নিরাপত্তা বৃদ্ধির সুযোগ দেবে, পাশাপাশি তাদের সর্বাঙ্গীণ প্রস্তুতি উন্নত করার সুযোগ দেবে। এই তহবিল, যা ফেডারেল ইমার্জেন্সি ম্যানেজমেন্ট এজেন্সি (Federal Emergency Management Agency, FEMA) এর নন-প্রফিট সিকিউরিটি গ্রান্ট প্রোগ্রাম (Nonprofit Security Grant Program) মাধ্যমে দেওয়া হয়েছে, দুইটি ভিন্ন পুরস্কারের মাধ্যমে নিউ ইয়র্ক জুড়ে বরাদ্দ করা হচ্ছে। নিউ ইয়র্ক সিটি মেট্রো এলাকার মধ্যে অবস্থিত সংস্থাগুলি 27 মিলিয়ন মার্কিন ডলার এবং নিউ ইয়র্ক স্টেটের বাকি অঞ্চলজুড়ে অবস্থিত সংস্থাগুলি 6.4 মিলিয়ন মার্কিন ডলার পাবে। FEMA এর অনুদান ঘৃণা অপরাধ এবং সম্পর্কিত আক্রমণের বিরুদ্ধে নিউ ইয়র্ক স্টেটের অলাভজনক সংস্থাগুলির নিরাপত্তা এবং প্রস্তুতি বৃদ্ধিতে গভর্নর হোকল কর্তৃক সম্প্রতি ঘোষিত 25 মিলিয়ন মার্কিন ডলারের স্টেট অনুদানের সম্পূরক।

"ঘৃণা অপরাধ অলাভজনক সম্প্রদায়কে জর্জরিত করা অব্যাহত রেখেছে এবং এই তহবিল প্রতিষ্ঠানগুলিকে ঐসব ব্যক্তি এবং দলের বিরুদ্ধে তাদের নিরাপত্তা শক্তিশালী করতে সহায়তা করবে যারা এটা মেনে নিতে প্রস্তুত নয় যে আমাদের বিচিত্রতাই নিউ ইয়র্ক স্টেটকে শক্তিশালী করে তোলে," **গভর্নর হোকল বলেন।** "যারা ঘৃণা অপরাধ সংঘটিত করে তারা কখনো জিতবে না এবং কখনো আমাদের বিভক্ত করতে পারবে না। নিউ ইয়র্ক জাতির মধ্যে সবচেয়ে বৈচিত্র্যময় স্টেট, যা আমাদের সেরা বৈশিষ্ট্যগুলির একটি, এবং আমাদের এই সংস্থাগুলিকে সাহায্য করতে হবে যাতে তারা নিজেদের রক্ষা করতে পারে এবং সমৃদ্ধ হতে পারে এবং তাদের সম্প্রদায়কে সেবা প্রদান করা অব্যাহত রাখতে পারে।"

দেশজুড়ে, 2021 অর্থবছরে নন-প্রফিট সিকিউরিটি গ্রান্ট প্রোগ্রামের মাধ্যমে 180 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হচ্ছে। এই পরিমাণের 90 মিলিয়ন মার্কিন ডলার আরবান এরিয়া সিকিউরিটি ইনিশিয়েটিভের (Urban Area Security Initiative, UASI) নির্ধারিত উচ্চ-ঝুঁকির

শহুরে এলাকার অলাভজনক সংস্থার জন্য উপলভ্য করা হয়। বাকি 90 মিলিয়ন মার্কিন ডলার UASI-নির্ধারিত এলাকার বাইরের এখতিয়ারের জন্য সংরক্ষিত রাখা হয়।

অনুমোদনযোগ্য খরচের মধ্যে রয়েছে:

- পরিকল্পনা, যার মধ্যে রয়েছে ঝুঁকি ব্যবস্থাপনা পরিকল্পনা, পরিচালনা পরিকল্পনা অব্যাহত রাখা, এবং সাড়াদান পরিকল্পনা
- বস্তুগত নিরাপত্তা বৃদ্ধি সরঞ্জাম এবং নিরীক্ষা এবং স্ক্রিনিং সিস্টেমের মত সরঞ্জাম
- প্রশিক্ষণ, যার মধ্যে রয়েছে বন্দুকধারী প্রশিক্ষণ, এবং কর্মী, সদস্য বা জমায়েতের জন্য নিরাপত্তা প্রশিক্ষণ
- সাড়া দান অনুশীলন
- চুক্তিবদ্ধ নিরাপত্তা কর্মী

নিউ ইয়র্কে, স্টেটের UASI -মনোনীত উচ্চ-ঝুঁকিপূর্ণ নগর অঞ্চল হলো নিউ ইয়র্ক সিটির মেট্রো অঞ্চল। বিশেষ করে, এর মধ্যে রয়েছে নিউ ইয়র্ক সিটি, এবং ওয়েস্টচেস্টার, নাসাউ এবং সাফোক কাউন্টি। 2021 সালে, নিউ ইয়র্ক UASI-নির্ধারিত এলাকার মোট তহবিলের পরিমাণ এবং তহবিল প্রাপ্তদের সংখ্যা উভয় ক্ষেত্রেই দেশের নেতৃত্ব দিয়েছে। মোট 182টি UASI পুরস্কার 158টি ভিন্ন অলাভজনক সংস্থাকে প্রদান করা হয়, যার মোট মূল্য 27 মিলিয়ন মার্কিন ডলার।

দ্য নিউ ইয়র্ক স্টেট ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস (New York State Division of Homeland Security and Emergency Services, DHSES) স্থানীয় স্টেকহোল্ডারদের সাথে ঘনিষ্ঠ সমন্বয়ে এই প্রোগ্রাম পরিচালনা করে। 198টি সংস্থাকে মোট 230টি পুরস্কার প্রদান করা হয়, যেহেতু কিছু সংস্থা একাধিক সাইট পরিচালনা করে।

এই ফেডারেল তহবিল ধর্মভিত্তিক প্রতিষ্ঠানসহ বেসরকারি স্কুল এবং সাংস্কৃতিক সেন্টারগুলির ঘৃণা অপরাধের বিরুদ্ধে নিরাপদ থাকার জন্য প্রয়োজনীয় সম্পদ থাকা নিশ্চিত করতে গভর্নর হোকলের নেতৃত্বে চলমান প্রচেষ্টাকে শক্তিশালী করবে।

রিপ্রেজেন্টেটিভ গ্রেস মেং বলেন, "কংরেসে, আমি নন-প্রফিট সিকিউরিটি গ্রান্ট প্রোগ্রামকে সমর্থন করতে পেরে এবং এই গুরুত্বপূর্ণ উদ্যোগের জন্য তহবিল বৃদ্ধিতে সহায়তা করতে পেরে গর্বিত। আমি যেমনটি বলেছি, আমরা কখনোই নিরাপত্তার ক্ষেত্রে পিছপা হতে পারবো না। এটি সবসময় সর্বোচ্চ অগ্রাধিকার পেতে হবে, এবং এই গুরুত্বপূর্ণ তহবিল অলাভজনক সংস্থার নিরাপত্তা বৃদ্ধিতে বহুদূর পর্যন্ত সাহায্য করবে। আমি আরও তহবিল প্রাপ্তির জন্য লড়াই করার জন্য মুখিয়ে আছি।"

রিপ্রেজেন্টেটিভ আদ্রিয়ানো এসপিয়াত বলেন, "6 জানুয়ারির পর থেকে 285 দিনে, আমরা জানতে পেরেছি যে আমরা কোন কিছুকেই নিশ্চিত বলে ধরে নিতে পারি না - বিশেষ করে আমাদের সবচেয়ে গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানগুলির নিরাপত্তার ব্যাপারে। আমরা একটি নতুন বিশ্বে বসবাস করছি, এবং আমাদের সম্প্রদায়গুলি আগে দেখা যায়নি এমন হুমকির সম্মুখীন হচ্ছে এমন ব্যক্তিবর্গের কাছ থেকে যারা আমাদের সম্প্রদায়গুলিতে বিশৃঙ্খলার বীজ বপন করতে চায়। আমি আমাদের অলাভজনক সংস্থাগুলি যেন যেকোনো সংকটের জন্য প্রস্তুতি, প্রতিক্রিয়া এবং পুনর্নির্মাণ করার জন্য প্রয়োজনীয় সম্পদ পায় এবং আমাদের সম্প্রদায়কে নিরাপদ রাখতে পারে তা নিশ্চিত করার জন্য এই গুরুত্বপূর্ণ তহবিলের আজকের ঘোষণা করার জন্য আমি গভর্নর হোকলকে সাধুবাদ জানাই।"

ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস সম্পর্কে
দ্য নিউ ইয়র্ক স্টেট ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেসসন্ত্রাসবাদ এবং অন্যান্য মানবসৃষ্ট এবং প্রাকৃতিক বিপর্যয়, হুমকি, অগ্নিকান্ড ও অন্যান্য জরুরী অবস্থা প্রতিরোধ, এগুলোর বিরুদ্ধে সুরক্ষা, এগুলোর প্রতি সাড়া প্রদান করা, এগুলো থেকে নিয়ন্ত্রণ ফিরে পাওয়ার প্রচেষ্টার জন্য নেতৃত্ব, সমন্বয় এবং সহায়তা প্রদান করে। আরও তথ্যের জন্য DHSES ফেসবুক পেইজ পরিদর্শন করুন, টুইটারে @NYSDHSES এ বা ইন্সটাগ্রামে অনুসরণ করুন অথবা dhses.ny.gov পরিদর্শন করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন